

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮২

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২১. যেকোন বিষয়ে ফতওয়া চাওয়ামাত্রই যে ব্যক্তি লোকদেরকে ফতওয়া দিয়ে বেড়ায়- তার সম্পর্কে

باب في الذي يفتي الناس في كل ما يستفتى

আরবী

أَخْبَرَنَا أَبُو نُعَيْمٍ، حَدَّثَنَا شَرِيكُ، عَنْ عَطَاءِ بْنِ السَّائِبِ، عَنْ أَبِي الْبَخْتَرِيِّ، عَنْ عَلِيٍّ رِضْوَانُ اللَّهِ عَلَيْهِ، قَالَ: " يَا بَرْدَهَا عَلَى الْكَبِدِ أَنْ تَقُولَ لِمَا لَا تَعْلَمُ: اللَّهُ أَعْلَمُ

إسناده ضعيف شريك متأخر السماع من عطاء

বাংলা

১৮২. আবুল বুখতারী হতে বর্ণিত, আলী রাদ্বিয়াল্লাহু আনহু বলেন: আহ! হৃদয়ে শীতলতা দানকারী কতই না উত্তম কথা, যে তোমার অজানা বিষয়ে (জিজ্ঞাসিত হলে) তুমি একথা বলবে, 'আল্লাহ-ই সবচেয়ে ভাল জানেন'![1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ যয়ীফ। শারীক আতা থেকে হাদীস শ্রবণ করা হতে পিছিয়ে। আবুল বুখতারী হল সাঈদ ইবনু ফিরোয, তার সম্পর্কে হাফিজ ইবনু হাজার তার 'নুকাত' ১/৩৯৬ এ বলেন: "তিনি আলী হতে কিছু শোনেননি।"।

তাখরীজ: খতীব, ফাকিহ ওয়াল মুতাফাক্বিহ ২/১৭১ অপর সনদে, শাহিদের কারণে তা সহীহ। পূর্বের ও পরের টীকাগুলি দেখুন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন